# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১২২২

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৪. রাসূলুল্লাহ (ﷺ) এর বাণীঃ যে ব্যক্তি ইমামের সাথে নামায পড়ে, ইমামের কিরাআতই তার কিরাআত এবং এতদসম্পর্কিত হাদীসসমূহের বিভিন্নতা

بَابُ ذِكْرِ قَوْلِهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ " مَنْ كَانَ لَهُ إِمَامٌ ، فَقِرَاءَةُ الْإِمَامِ لَهُ قِرَاءَةٌ " وَاخْتِلَافِ الرِّوَايَاتِ

আরবী

ثَنَا عَلِيُّ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ مُبَشِّرٍ ، ثَنَا أَبُو الْأَشْعَثِ أَحْمَدُ بْنُ الْمِقْدَامِ ، ثَنَا مُعْتَمِرُ بْنُ سُلَيْمَانَ ، حَدَّثَنَا أَبِي ، عَنْ قَتَادَةَ ، ح : وَحَدَّثَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْعَلَاءِ ، ثَنَا يُوسُفُ بْنُ مُوسَى ، ثَنَا جَرِيرٌ ، عَنْ سُلَيْمَانَ التَّيْمِيِّ ، عَنْ قَتَادَةَ ، عَنْ أَبِي غَلَّابٍ يُونُسَ بْنِ جُبَيْرٍ ، عَنْ حِطَّانَ بْنِ عَبْدِ اللَّهِ ، قَالَ : صَلَّيْنَا مَعَ أَبِي مُوسَى الْأَشْعَرِيِّ صَلَاةَ الْعَتَمَةِ ، فَذَكَرَ الْحَدِيثَ بِطُولِهِ ، وَقَالَ فِيهِ : فَإِنَّ رَسُولَ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ خَطَبَنَا ، فَكَانَ يُعَلِّمُنَا صَلَاتَنَا ، وَيُبَيِّنُ لَنَا سُنَّتَنَا ، قَالَ : " أَقِيمُوا الصُّفُوفَ ، ثُمَّ لِيَؤُمَّكُمْ أَحَدُكُمْ ، فَإِذَا كَبَّرَ الْإِمَامُ فَكَبِّرُوا ، وَإِذَا قَرَأَ فَأَنْصِتُوا " . وَكَذَلِكَ رَوَاهُ سُفْيَانُ الثَّوْرِيُّ ، عَنْ سُلَيْمَانَ التَّيْمِيِّ ، وَرَوَاهُ هِشَامٌ الدَّسْتَوَائِيُّ ، وَسَعِيدُ ، وَشُعْبَةُ ، وَهَمَّامٌ ، وَأَبُو عَوَانَةَ ، وَأَبَانُ ، وَعَدِيُّ بْنُ أَبِي عُمَارَةَ ، كُلُّهُمْ عَنْ قَتَادَةَ ؛ فَلَمْ يَقُلْ أَحَدٌ مِنْهُمْ : " وَإِذَا قَرَأَ فَأَنْصِتُوا " . وَهُمْ أَصْحَابُ قَتَادَةَ الْحُفَّاظُ عَنْهُ

বাংলা

১২২২(১৭)। আলী ইবনে আবদুল্লাহ ইবনে মুবাশশির (রহঃ) ... হিত্তান ইবনে আবদুল্লাহ (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা আবু মূসা আল-আশআরী (রাঃ)-এর সাথে এশার নামায পড়লাম ... অতঃপর রাবী বিস্তারিতভাবে হাদীস বর্ণনা করেন। তাতে তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের উদ্দেশে বক্তৃতা দেন। তিনি আমাদেরকে আমাদের নামায শিক্ষা দিতেন এবং আমাদের প্রয়োজনীয় সুন্নাত (রীতিনীতি) শিক্ষা দিতেন। তিনি বলেন, তোমরা নামাযের কাতার সমান্তরাল করো, অতঃপর তোমাদের একজন যেন তোমাদের ইমামতি করে। ইমাম যখন তাকবীর বলে তখন তোমরাও তাকবীর বলো এবং যখন সে কিরাআত

পড়ে তখন তোমরা নীরব থাকো।

এই হাদীস সুফিয়ান আস-সাওরী (রহঃ) সুলায়মান আত-তায়মী (রহঃ) থেকে পূর্বোক্ত হাদীসের অনুরূপ বর্ণনা করেছেন। এই হাদীস হিশাম আদ-দাসতাওয়াঈ, সাঈদ, শো'বা, হাম্মাম, আবু আওয়ানা, আবান ও আদী ইবনে আবু উমারা (রহঃ) সবাই কাতাদা (রহঃ)-এর সূত্রে বর্ণনা করেছেন এবং তাদের কেউ একথা বর্ণনা করেননিঃ “যখন সে (ইমাম) কিরাআত পড়ে তখন তোমরা নীরব থাকো”। তারা সবাই কাতাদা (রহঃ) এর ছাত্র এবং তার থেকে হাদীস মুখস্ত করেছেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ হিত্তান ইবনে আবদুল্লাহ আর-রাকাশী (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81011

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন